যুগান্তর

APR. 22 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাবির বিগত প্রশাসনের দুর্নীতির তদন্ত দাবি করেছে ছাত্রদল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিগত প্রশাসনের দুর্নীতি ও অনিয়ম তদন্ত করে দোষী ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছে ছাত্রদল। সংগঠনের নেতৃবৃন্দ

দুর্নীতি : পৃষ্ঠা : ১৫ কলাম : ১

## দুর্নীতি : তদন্ত

(শেষ পৃষ্ঠার পর)

গতকাল উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরীর কাছে এ সংক্রান্ত সাতদফা দাবি সংবলিত স্মারকলিপি পেশ করেন। দাবিগুলো হচ্ছে গত পাঁচ বছরের ব্যয়বহুল অনুষ্ঠানের আর্থিক অসঙ্গতি ও 'ডুকা'র দুর্নীতির খতিয়ান প্রকাশ, সব নিয়োগ পুনর্মূল্যায়নের মাধ্যমে যোগ্য প্রার্থীদের নিয়োগদান, হল সংসদ ও পরিবহন খাতের দুর্নীতির তদন্ত, পার্সী স্টাডি সেন্টার নির্মাণ এবং ছাত্রলীগের 'সন্ত্রাসী'দের গ্রেফতার।

স্মারকলিপি পেশের আগে ক্যাম্পাসে মিছিল শেষে বটতলায় সমাবেশ অনুষ্ঠিত হয়। সংগঠনের বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তৃতা করেন সাধারণ সম্পাদক মোস্তাফিজুল ইসলাম মামুন, হায়দার আলী লেনিন, নুরুল ইসলাম নয়ন, আসাদুজ্জামান আসাদ, ওমর ফারুক শাফিন প্রমুখ।

বক্তারা বলেন, 'আওয়ামী লীগ সরকার ক্ষমতা গ্রহণের পর ছাত্রলীগ হলগুলো দখল করে নেয়। নিয়োগকৃত দলীয় প্রশাসন দুর্নীতির মহোৎসব চালায়। তারা অবিলম্বে বিগত প্রশাসনের দুর্নীতির বিস্তারিত খতিয়ান প্রকাশ এবং দোষী ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানান।'